

সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৩২২

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১২৩. তায়াম্মুমের বর্ণনা

باب التَّيَمُّمِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرٍ الْعَبْدِيُّ، حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ سَلَمَةَ بْنِ كُهَيْلٍ، عَنْ أَبِي مَالِكٍ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبْزَى، قَالَ كُنْتُ عِنْدَ عُمَرَ فَجَاءَهُ رَجُلٌ فَقَالَ إِنَّا نَكُونُ بِالْمَكَانِ الشَّهْرِ وَالشَّهْرَيْنِ . فَقَالَ عُمَرُ : أَمَّا أَنَا فَلَمْ أَكُنْ أَصْلِي حَتَّى أَجِدَ الْمَاءَ . قَالَ فَقَالَ عَمَّارٌ : يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ! أَمَا تَذْكُرُ إِذْ كُنْتُ أَنَا وَأَنْتَ فِي الْإِبِلِ فَأَصَابَتْنَا جَنَابَةٌ، فَأَمَّا أَنَا فَتَمَعَّكَتْ فَأَتَيْنَا النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَذَكَرْتُ ذَلِكَ لَهُ فَقَالَ : " إِنَّمَا كَانَ يَكْفِيكَ أَنْ تَقُولَ هَكَذَا " . وَضَرَبَ بِيَدَيْهِ إِلَى الْأَرْضِ ثُمَّ نَفَخَهُمَا ثُمَّ مَسَحَ بِهِمَا وَجْهَهُ وَيَدَيْهِ إِلَى نِصْفِ الذَّرَاعِ . فَقَالَ عُمَرُ : يَا عَمَّارُ! اتَّقِ اللَّهَ . فَقَالَ : يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ! إِنَّ شَيْئًا وَاللَّهِ لَمْ أَذْكُرْهُ أَبَدًا . فَقَالَ عُمَرُ : كَلَّا وَاللَّهِ لَنُؤَلِّينَكَ مِنْ ذَلِكَ مَا تَوَلَّيْتَ .

– صحيح إلا قوله : (إِلَى نِصْفِ الذَّرَاعِ) ؛ فإنه شاذ

বাংলা

৩২২। আবদুর রহমান ইবনু আবযা (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি 'উমার (রাঃ)-এর নিকট ছিলাম। এমন সময় এক ব্যক্তি তার নিকট এসে বলল, আমরা কোন (পানিবিহীন) জায়গায় এক-দুই মাস অবস্থান করে থাকি (সেখানে অপবিত্র হলে করণীয় কি?)। 'উমার (রাঃ) বললেন, আমি তো পানি না পাওয়া পর্যন্ত সালাত আদায় করব না। বর্ণনাকারী বলেন, তখন 'আম্মার (রাঃ) বললেন, হে আমীরুল মু'মিনীন! আপনার কি ঐ ঘটনার কথা মনে নেই, যখন আমি ও আপনি উটের পাশে ছিলাম। আমরা জুনুবী হয়ে গেলাম এবং আমি মাটিতে গড়াগড়ি দিলাম।

আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এসে বিষয়টি জানালে তিনি বললেনঃ তোমাদের জন্য শুধু এতটুকুই যথেষ্ট ছিল- এই বলে তিনি মাটিতে উভয় হাত মেরে হাতে ফুঁ দিলেন। তারপর হাত দিয়ে মুখমণ্ডল এবং উভয় হাতের অর্ধেক পর্যন্ত মুছলেন। 'উমার (রাঃ) বললেন, হে 'আম্মার! আল্লাহকে ভয় কর। তিনি বললেন,

হে আমীরুল মু'মিনীন! আল্লাহর শপথ! আপনি চাইলে আমি আর কখনো তা বর্ণনা করব না। 'উমার (রাঃ) বললেন, আল্লাহর শপথ! আমার উদ্দেশ্য এরূপ নয়, বরং তুমি চাইলে অবশ্যই তোমার বক্তব্যের স্বাধীনতা তোমাকে দিব।[1]

সহীহ। তবে তার 'উভয় হাতের অর্ধেক পর্যন্ত'- কথাটি বাদে। কেননা তা শায।

English

'Abd al-Rahman b. Abza said:

While I was with 'Umar, a man came to him and said: We live at a place (where water is not found) for a month or two (what should we do, if we are sexually defiled). 'Umar said: So far as I am concerned, I do not pray until I find water. 'Ammar said: Commanded of the faithful, do you not remember when I and you were among the camels (For tending them)? There we became sexually defiled. I rolled down on the ground. We then came to the Prophet (ﷺ) and I mentioned that to him. He said: It was enough for you to do so. Then he struck the ground with both his hands. He then blew over them and wiped his face and both hands by means of them up to half the arms. 'Umar said: 'Ammar, fear Allah. He said: Commander of the faithful, if you want, I will never narrate it. 'Umar said: Nay, by Allah, we shall turn you from that towards which you turned (i.e. you have your choice).

ফুটনোট

[1] 'যিরাআইন' শব্দ বাদে সহীহ। কেননা তা শায। নাসায়ী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ তায়াম্মুম, হাঃ ৩১৮)।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী □ বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবনু আবযা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=57640>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন